

১১ আগস্ট ২০২৪

বৈষম্য বিরোধী আন্দোলনে বাউবির শিক্ষার্থী আহত হওয়ায় বাউবি পরিবার মর্মান্বিত

কোটা বৈষম্য বিরোধী আন্দোলনে গত ০৪ আগস্ট ২০২৪ রবিবার ঢাকার ধানমন্ডির জিগাতলায় গুলিতে গুরুতর আহত হয়েছেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী মোদাছির সরকার। তিনি বাউবির এল এল বি (সম্মান) প্রোগ্রামের ঢাকা আঞ্চলিক কেন্দ্রাধীন (২০২১-২০২২) ৯ম ব্যাচের একজন শিক্ষার্থী। তিনি ঢাকার একটি হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় রয়েছেন।



মোদাছির সরকার।

তিনি সহ যে সকল শিক্ষার্থী আহত হয়েছেন বাউবি পরিবার তাদের দ্রুত আরোগ্য কামনা করছে। এছাড়া চলমান আন্দোলনে যে সকল শিক্ষার্থী নিহত হয়েছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করছে এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে। বাউবি সব সময় শিক্ষার্থীদের পাশে রয়েছে এবং ভবিষ্যতেও থাকবে।